তারিখ ... 12 OCT 1991 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬

দৈনিক সংবাদ

## কৃষি বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসের জন্য ছাত্রদল দায়ী ঃ ছাত্রলীগ

ময়মনসিংহ, ১১ই অক্টোবর (নিজস্ব সংবাদদাতার ফোন)।— আজ সন্ধ্যায় ময়মনসিংহ প্রেসক্লাবে বাংলাদেশ ছাত্রলীগ (আ–অ) কৃষি বিশ্ববিদ্যালয় শাখা আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে অব্যাহত সন্ত্রাসের জন্য জাতীয়তাবাদী ছাত্রদলকে দায়ী করা হয়। সম্মেলনে কৃষি বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি অলিউল্লাহ, সাধারণ

কৃষি বিশ্ববিদ্যালয় ঃ পৃঃ ৭ কঃ ৫

## কৃষি বিশ্ববিদ্যালয় ঃ ছাত্রদল দায়ী

(১ম পাতার পর)

সম্পাদক আবদুল ওয়ারেস বাবুল, বাকসু'র ভিপি এ, কে, এম আবদুর রফিক, জিএস আওলাদ হোসেন, জেলা শাখার সভাপতি আবদুল কুদ্দুস ও সাধারণ সম্পাদক শওকত জাহান বকুল বক্তব্য রাখেন।

নেতৃবৃন্দ বলেন, বিশ্ববিদ্যালয়ের কতিপয় শিক্ষক ছাত্রদলকে সন্ত্রাসে মদদ যোগাচ্ছে। ছাত্রদলের সন্ত্রাসের মুখে ছাত্রলীগ কর্মীরা বর্তমানে বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করতে পারছে না। ইতিমধ্যে ক্যাম্পাসে ক্লাস ও পরীক্ষায় যোগদান করতে গিয়ে ৫০ জন ছাত্রলীগ কর্মী প্রহৃত হয়েছে। এখনও প্রায় ৩শ' কর্মী শহরে অবস্থান করতে বাধ্য হচ্ছে।

ছাত্রলীগ নেতৃবৃন্দ ছাত্রদল কর্তৃক বিশ্ববিদ্যালয় প্রশাসনকে জিম্মি করে রাখা হয়েছে বলে অভিযোগ করেন। তারা সন্ত্রাস ও নির্যাতনের বিরুদ্ধে ছাত্র–শিক্ষক–অভিভাবকদের ঐক্যবদ্ধ হবার আহ্বান জানান।

### ছাত্রছাত্রীরা হল ছেড়ে গেছে

কৃষি বিশ্ববিদ্যালয় ১০ই অক্টোবর থেকে ১৮ই অক্টোবর পর্যন্ত বন্ধ ঘোষণার পর অধিকাংশ ছাত্রছাত্রী হল ছেড়ে চলে গেছে।